দৈনিক সংবাদ

তারিখ 02 JUN 1996
পৃষ্ঠা ২ কলাম ৫

৬৩

# এডুকেশনাল ইকুইপমেন্ট বোর্ড আবার চালুর আহ্বান

বিজ্ঞান মঞ্চ এশীয় উন্নয়ন ব্যাংকের [illegible] কোটি টাকা সাহায্যে গড়ে ওঠা বাংলাদেশ এডুকেশনাল ইকুইপমেন্ট বোর্ড পুনরায় চালু করার জন্য সরকারের কাছে [illegible] দাবি জানিয়েছে।

গতকাল শনিবার বিজ্ঞান মঞ্চের একটি প্রতিনিধিদল বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা এবং শিক্ষা মন্ত্রণালয়ের সচিবের সঙ্গে দেখা করে এ দাবি জানায়। প্রতিনিধিদলে যারা ছিলেন, তারা হলেন ঃ ডঃ এ আর খান, ডঃ আবদুল্লাহ আল -মুতী শরফুদ্দীন, ডঃ আলী আসগর, অধ্যাপক গোলাম মহিউদ্দিন এবং মঞ্চের সদস্য সচিব এ এন রাশেদ। তারা বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা ডঃ মোহাম্মদ ইউসুফ এবং শিক্ষা মন্ত্রণালয়ের সচিব এ, এইচ, এম আবদুল হাইয়ের কাছে স্মারকলিপি পেশ করেন।

প্রতিনিধিদলের সদস্যবৃন্দ জানান, বহু কষ্ট ও শ্রমে ওই বোর্ডটি প্রতিষ্ঠা করা হয়েছিল। সাবেক সরকার কতিপয় আমদানিকারকের স্বার্থে বোর্ডটির বিলুপ্তি ঘোষনা করে। অথচ এই বোর্ড বিজ্ঞান শিক্ষার যন্ত্রপাতি সুলভে পেতে সাহায্য করত বলে তারা উল্লেখ করেন।

## পাঠচক্র

গত বৃহস্পতিবার বিজ্ঞানচেতনা পরিষদ পরিচালিত দশম পাঠ চক্র অনুষ্ঠিত হয়। ৫১, আজিজ সুপার মার্কেটে অনুষ্ঠিত পাঠচক্রের এ বৈঠকে 'দৈনন্দিন জীবনে বিজ্ঞান চেতনার অপরিহার্যতা' বিষয়ে লিখিত প্রবন্ধ পাঠ করেন ডঃ জহুরুল হক।

প্রবন্ধ পাঠশেষে আলোচনায় অংশ নেন অধ্যাপক মোজাফফর হোসেন, ড, ফ, র, আল-সিদ্দিক, মীজানুর রহমান, প্রমোদ সিংহ, আবু হেনা এনাম প্রমুখ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।